৩৬৯

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 21 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

# শিক্ষক নিয়োগে অনিয়মের আশংকা

জামালপুর জেলার ইসলামপুর থানার অন্তর্গত গুঠাইল বহুমুখী উচ্চ বিদ্যালয় একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। এ বিদ্যালয়ে (অবসর জনিত কারণে) ইসলাম ধর্মীয় শিক্ষকের পদটি দীর্ঘদিন শূন্য থাকায় অত্র বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, অভিভাবকবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের চাপের মুখে উক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি দেন। বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে ১৪ জন প্রার্থী আবেদন করেন। বিগত ০৫/৯/৯৮ তারিখে প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা এবং ২০/১২/৯৮ তারিখে ডেমোনস্ট্রেশন ক্লাস নেওয়া হয়। এই সব পরীক্ষায় যে প্রার্থীটি প্রথম ও প্রাথমিকভাবে নির্বাচিত ঘোষিত হন অদ্যাবধি তাঁহাকে নিয়োগ দেওয়া হয় নাই বরং বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির কেহ কেহ নিয়োগ বিধি সম্পূর্ণ উপেক্ষা করিয়া উক্ত নির্বাচিত প্রথম ব্যক্তির পরিবর্তে অন্য এক জনকে নিয়োগ দানের পাঁয়তারা চালাইতেছেন। এইরূপ বিধি বহির্ভূত নিয়োগ সম্ভব করার জন্য নাকি মোটা অঙ্কের টাকার লেনদেন হইয়াছে বলিয়াও শোনা যাইতেছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে আবেদন, অতি সত্বর উক্ত বিষয়ে যথাযথ তদন্ত করিয়া উপযুক্ত ব্যবস্থা নেওয়া হউক।

এ, এ, এম গোলাম কিবরিয়া,
গুঠাইল এলাকাবাসীর পক্ষে,
পোঃ গিলাবাড়ী, থানা ঃ ইসলামপুর,
জেলা ঃ জামালপুর।